

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৮১

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

الفصل التَّنف (باب صفة النار وأهلها)

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لِسُرَادِقِ النَّارِ أَرْبَعَةُ جُدُرِ كَا مُعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لِسُرَادِقِ النَّارِ أَرْبَعَينَ سَنة . رَوَاهُ التِّرْمِذِيِّ كَا جِدَار مسيرَة أَرْبَعِينَ سَنة . رَوَاهُ التِّرْمِذِيِّ

حسن ، رواه الترمذى (1 / 2584) و الحاكم (4 / 601 ح 8775 و سنده حسن) ـ (ضَعِيف)

বাংলা

৫৬৮১-[১৭] আবৃ সাঈদ আল খুদরী (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: জাহান্নাম চারটি প্রাচীর দ্বারা বেষ্টিত। প্রত্যেক প্রাচীর চল্লিশ বছরের দূরত্ব পরিমাণ পুরু বা মোটা। (তিরমিযী)

ফুটনোট

সনদ যঈফ: সনদে দাররাজ আছে, য'ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১৪৮ য'ঈফুল জামি ৪৬৭৫, হিদায়াতুর রুওয়াত ৫/২২৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ত্বীবী (রহিমাহ্লাহ) বলেন, (لِسُرَادِقِ النَّارِ) এখানে 'লাম'-এর উপর যবর পড়া যাবে তখন এই অংশটুকু মুবতাদাহ্ হবে আর 'লাম'-এর উপর যেরও পড়া যায় তখন এই অংশটুকু খবর হবে আর এটাই অধিক স্পষ্ট। لِسُرَادِقِ) বলা হয় প্রত্যেক ঐ জিনিসকে যা কোন কিছুকে বেষ্টন করে রাখে যেমন দেয়াল, তাবু ইত্যাদি। আর কুরআনে অন্য আয়াতে এদিকে ইঙ্গিত করা হয়েছে, (نَّا الْمُلْمِيانَ نَارًا الْمَالِمِيانَ نَارًا الْمَالُمِيانَ نَارًا اللَّهُ الْمِهِمِ السُرَادِقُهَا) অর্থাৎ "আমি যালিমদের জন্য আগুন প্রস্তুত করে রেখেছি যার বেষ্টনি তাদেরকে বেষ্টন করে রাখবে।" (সুরাহ আল



কাহফ ১৮: ২৯)।

(کِنَفُ) এই শব্দে (کاف)-এর উপর পেশও পড়া যায় এবং যেরও যবরও পড়া যায়, তবে যেরটাই পড়া ভালো, অধিকাংশ ব্যাখ্যা গ্রন্থে যেরই আছে। আর এটা (کِنَفُ)এর বহুবচন যার অর্থ হলো মোটা পুরু ইত্যাদি। (মিরক্রাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন